

বড়গুণীর পশ্চিমে ভৈরবনগরে।
 রুদ্র মণ্ডলের বাড়ী নদীর কিনারে।।
 বাড়ী হ'তে মধুমতী অতিদূর নয়।
 শতহস্ত পরিমিত যদি বেশী হয়।।
 পরিষ্কার ঘাট তার বাড়ীর নিকট।
 সব লোকে তারে ব্যাখ্যা করে 'রুদ্রঘাট'।।
 'মতুরারা' হরিবলে যবে যায় হেঁটে।
 মারিবার জন্য রুদ্র লাঠি ল'য়ে ছুটে।।
 তাহা দেখি 'মতুরারা চূপ করে যায়।
 কোনদিন তথা নাহি হরিনাম লয়।।
 এই ভাবে বহু দিন চূপে চূপে যায়।
 অদ্য সেই ঘাটে গিয়া হইল উদয়।।
 পাগল বলেছে সবে সেই ঘাটে গিয়া।
 আজ সবে হরিবল নাচিয়া নাচিয়া।।
 যাহার শরীরে আছে যতটুকু শক্তি।
 সেই শক্তি দিয়া নামবল করে ভক্তি।।
 তাহা শুনি যার যত ছিল নিজবল।
 সিংহের প্রতাপে সবে বলে 'হরিবল'।।
 তাহা শুনি রুদ্র এক যষ্টি নিল হাতে।
 যত হরিবোলাগণে আসিল মারিতে।।
 মহা দস্যু মহাকায় মহা-বলবান।
 দেশের যতেক লোক ভয়ে কম্পমান।।
 পাগল দেখিল রুদ্র আসিল মারিতে।
 দৌড়িয়া গেলেন সেই রুদ্রের সাক্ষাতে।।
 ক্রোধভরে কহে তারে "ওরে রুদ্র দাদা।
 তোর ঘাটে হরিবলে এত বড় স্পর্ধা।।
 হরি হরি হরি বলে ওরা মারে ডঙ্কা।
 তুমি আমি দুই ভাই কা'রে করি শঙ্কা।।
 হরিবলে 'ভণ্ডামি' করিছে সব ভণ্ড।
 আমি দিব উহাদের সমুচিত দণ্ড।।
 রুদ্রের হাতের যষ্টি লইল কাড়িয়ে।
 'আয় দাদা' বলি সে চলিল বেগে ধেয়ে।।

তর্জ্জন গর্জ্জন করি গোস্বামী চলেছে।
 পাগল চলিল আগে রুদ্র যায় পিছে।।
 গোস্বামী বলিছে 'পাষণ্ডের রক্ষা নাই।
 কা'র ঘাটে হরি হরি বলিস্ সবাই।।'
 তর্জ্জনে গর্জ্জনে ধায় হরিবোলা দিকে।
 মারিবারে বাড়ি হাঁকে রুদ্রের সন্মুখে।।
 আগুলিয়া লক্ষ্য দিয়ে পিছে চলে যায়।
 অধরোষ্ঠ কাঁপে রাগে কাঁপিতেছে কায়।।
 বিমুখ হইয়া পরে হ'য়ে মাতোয়ারা।
 রুদ্রকে ঘিরিয়া করে লাঠি 'পাইতারা।'
 সঙ্গীরা ইঙ্গিতে হরি বলিতে বলিতে।
 ধরিয়া রুদ্রের হস্ত লাগিল ঘুরিতে।।
 মধ্যে রুদ্র চতুর্দিকে নাচে ভক্তগণ।
 নদী মধ্যে গোলা পড়ে হইল তেমন।।
 তার মধ্যে হুঙ্কার ছাড়িল পাগল।'
 'জয় হরিবল রে গৌর হরিবল।।'
 অচৈতন্য হ'য়ে রুদ্র হইল বিহ্বলা।
 রুদ্রকে ঘিরিয়া হরি বলে হরিবোলা।।
 সবে বলে 'হরিবল বল হরিবল।'
 রুদ্র সে চৈতন্য পেয়ে বলে 'হরিবল'।।
 হরিবলে রুদ্র গোস্বামীর পায় পড়ি।
 কীর্তনের মধ্যে রুদ্র যায় গড়াগড়ি।।
 রুদ্র বলে 'আমাকে বলিলে যদি দাদা।
 এইভাবে তব মন থাকে যেন সদা।।
 আমি তোর দাদা হই তুই মোর ভাই।
 জনমে জনমে যেন হেন সঙ্গ পাই।।
 ওড়াকান্দীবাসী যত হরি-ভক্তগণ।
 জানিলাম তারা সবে পতিত-পাবন।।
 যুগে যুগে যত পাপী করেছে উদ্ধার।
 এমন পাষণ্ড কোথা পেয়েছ কি আর।।
 মহাপ্রভুগণ মহাপ্রভুর সমান।
 আমি রহিলাম তার বিশেষ প্রমাণ।।